



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

গণ-বিজ্ঞপ্তি

নং-বিইআরসি/টারিফ/গ্যাস(সিএনজি)-০১/২০১০-১১/৩৪৭

তারিখ : ২০ ফেব্রুয়ারী ২০১১

বিষয় : বাংলাদেশ টেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) কর্তৃক বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে দাখিলকৃত ভোক্তাপর্যায়ের সিএনজি এর বিক্রয় মূল্যহার বৃদ্ধির আবেদনের ওপর গণ-শুনানী।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী বাংলাদেশ টেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) ভোক্তাপর্যায়ের সিএনজি এর বিক্রয় মূল্যহার ১৬.৭৫ টাকা/ঘনমিটার থেকে বৃদ্ধি করে ২৪.৯০ টাকা/ঘনমিটার পুনঃনির্ধারণের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে আবেদন পেশ করেছে। স্বার্থ-সংশ্লিষ্ট সকল পক্ষকে (stakeholders) নিয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ১৭ ফেব্রুয়ারী, ২০১১ তারিখে পেট্রোবাংলা এর আবেদনের ওপর এক উন্মুক্ত সভা করেছে। পেট্রোবাংলা'র ভোক্তাপর্যায়ের সিএনজি এর বিক্রয় মূল্যহার বৃদ্ধির আবেদন কমিশনের মূল্যায়নের জন্য গৃহীত হয়েছে।

পেট্রোবাংলা'র ভোক্তাপর্যায়ের সিএনজি এর বিক্রয় মূল্যহার বৃদ্ধির আবেদনের ওপর আগামী ০৮ মার্চ, ২০১১ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় কমিশন কার্যালয়ে গণ-শুনানী অনুষ্ঠিত হবে। অগ্রহী যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ০২ মার্চ, ২০১১ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্ত করে উক্ত গণ-শুনানীতে অংশ নিয়ে পক্ষে বা বিপক্ষে বিশ্লেষণনির্ভর যুক্তি/মতামত উপস্থাপন করতে পারবেন।

পেট্রোবাংলা'র ভোক্তাপর্যায়ের সিএনজি এর বিক্রয় মূল্যহার বৃদ্ধির আবেদন কমিশনের অফিস চলাকালীন সময়ে দেখা যাবে এবং কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে ডাউনলোড করা যাবে। আগামী ০৬ মার্চ, ২০১১ তারিখ পর্যন্ত এ বিষয়ে শুনানী-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশন কার্যালয়ে গ্রহণ করা হবে।

কমিশনের নির্দেশক্রমে,

মুরশাদ আলম

সচিব

ফোন : ৯১৪ ০১২৫



বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)

সূত্র নংঃ ১১.০২.৩১/২৪০

তারিখঃ ১৪/১০/২০১০ ইং

✓ চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন
টিসিবি ভবন
১, কাওরান বাজার
ঢাকা।

বিষয়ঃ সিএনজি-এর মূল্য পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনি অবহিত আছেন যে, গ্যাসের অপচয় ও শিল্প কারখানায় উৎপাদন অব্যাহত রাখা এবং জাতীয় সম্পদ হিসেবে অনবায়নযোগ্য গ্যাসের অর্থনৈতিক মূল্য ও সুষ্ঠু গ্যাস ব্যবস্থাপনার স্বার্থে সরকার বিদ্যমান সিএনজি ফিড গ্যাসের মূল্য ৯.৯৭ টাকা/ঘনমিটার হতে বৃদ্ধি করে ১৮.০০ টাকা/ঘনমিটার পুনঃনির্ধারণ করেছেন।

এ অবস্থায়, সরকার কর্তৃক সিএনজি ফিড গ্যাসের পুনঃনির্ধারিত মূল্যকে (১৮.০০ টাকা/ঘনমিটার) ভিত্তি ধরে ভোক্তা পর্যায়ে সিএনজি'র বিক্রয়মূল্য ১৬.৭৩ টাকা/ঘনমিটার থেকে বৃদ্ধি করে ২৪.২০ টাকা/ঘনমিটার পুনঃনির্ধারণের প্রস্তাব প্রয়োজনীয় যৌক্তিকতাসহ এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত


১৪/১০/১০
(প্রধ্যাপক ড. মোঃ হোসেন মনসুর)
চেয়ারম্যান

সংযুক্তি ও বর্ণনামতে